

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date:06-10-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**PM, Mumbai :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে মুস্বাই এবং থানের মতো শহরগুলিকে বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে ভবিষ্যতের জন্য প্রস্তুত করা প্রয়োজন। গতকাল মহারাষ্ট্রের থানে জেলায় ৩২,৮০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপনের সময় তিনি একথা বলেন। তিনি বলেন যে কেন্দ্রীয় সরকারের প্রতিটি সিদ্ধান্ত সংকল্প এবং স্বপ্ন বিকশিত ভারতকে উৎসর্গ করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন উন্নয়নমূলক প্রকল্পগুলি মুস্বাইয়ের চেহারা বদলে দিচ্ছে এবং এসব প্রকল্প শিল্পের প্রবৃদ্ধির পাশাপাশি নতুন কর্মসংস্থানের সুযোগও সৃষ্টি করবে। প্রধানমন্ত্রী এর আগে গতকাল ওয়াশিমে এক অনুষ্ঠানে দেশের ৯ কোটি ৫০ লক্ষ কৃষককে প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধির অষ্টাদশ কিস্তির টাকা প্রদান করেন এবং বেশ কিছু উন্নয়ন প্রকল্পের সূচনা করেন। প্রধানমন্ত্রী ওয়াশিমের পোহারাদেবীতে বানজারা বিরসাত জাদুঘরেরও উদ্বোধন করেন।

\*\*\*\*\*

**PM-Kishan-CM :**

প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি যোজনার অষ্টাদশ কিস্তির অর্থ প্রদান উপলক্ষ্যে আগরতলার অরুণ্ডতিনগরস্থিত রাজ্য কৃষি অনুসন্ধান কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, প্রধানমন্ত্রী কিষান সম্মাননিধি যোজনার এই কিস্তিতে গতকাল রাজ্যের কৃষকদের ব্যাঙ্ক একাউন্টে ৪৭ কোটি ৬৮ লক্ষ ৮০ হাজার টাকা ডিজিটাল পদ্ধতিতে হস্তান্তর করা হয়েছে। তিনি বলেন, রাজ্যের প্রায় ১৩ লক্ষ ৮৯ হাজার

কৃষক প্রধানমন্ত্রী ফসলবীমা যোজনার আওতায় রয়েছেন। তিনি জানান, রাজ্যে চালু মুখ্যমন্ত্রী ফসল বীমা যোজনার আওতায় ৩ লক্ষ ৮১ হাজার কৃষক রয়েছেন।

\*\*\*\*\*

#### **Sudhanshu Das :**

ধর্মনগর সরকারি মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল মহাবিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্যমন্ত্রী সুধাংশু দাস। অনুষ্ঠানে মন্ত্রী বলেন, পরিশ্রম আর সততাই সাফল্যের মূল চাবিকাঠি।

অনুষ্ঠানের উদ্বোধন করে বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন বলেন, লেখাপড়ার পাশাপাশি ছাত্রছাত্রীদের সেবামূলক কাজ করতে হবে।

অনুষ্ঠানে বিধায়ক বিনয়ভূষণ দাস, বিধায়ক যাদবলাল দেবনাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, কালাছড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু শর্মা, জেলার অতিরিক্ত পুলিশ সুপার জে দার্লং প্রমুখ উপস্থিত ছিলেন। মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বৃক্ষরোপন, সাংস্কৃতিক অনুষ্ঠান ও রক্তদান শিবিরেরও আয়োজন করা হয়।

\*\*\*\*\*

#### **Market shed :**

সমবায় মন্ত্রী শুল্কাচরন নোয়াতিয়া গতকাল জোলাইবাড়ি ব্লকের লতুয়াটিলা গ্রাম পঞ্চায়েতের লতুয়াটিলা বাজারে নবনির্মিত একটি বাজার শেডের উদ্বোধন করেন। রেগা প্রকল্পে স্থায়ী সম্পদ সৃষ্টির লক্ষ্যে সাড়ে ১৯ লক্ষ টাকা খরচে এই বাজার শেডটি তৈরি করা হয়েছে বলে জানান জোলাইবাড়ি ব্লকের বিডিও মানস ভট্টাচার্য।

\*\*\*\*\*

#### **MSSSKA-7 :**

দক্ষিণ জেলার সদ্যোজাত থেকে ৫ বছর বয়সী সব শিশুকে টিকাকরণের আওতায় আনতে আগামী ২১ অক্টোবর থেকে তেসরা নভেম্বর পর্যন্ত সপ্তম মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব ও সুস্থ কৈশোর অভিযান চলবে। এই উপলক্ষে গতকাল বিলোনিয়ায় দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিসে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুব্রত দাস, জেলা পরিবার কল্যাণ আধিকারিক ডাঃ মনীষ চৌধুরী, সমাজ শিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক প্রবীর দেববর্মা, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন। এই অভিযানকে সফল করতে শিশুদের নামের তালিকা তৈরি করা সহ বিভিন্ন সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানিয়েছেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক।

\*\*\*\*\*

#### **Sitaram Yechury's Condolence-South :**

সিপিআইএম বিলোনিয়া মহকুমা কমিটির উদ্যোগে গতকাল পুরাতন টাউন হলে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক প্রয়াত সীতারাম ইয়েচুরির স্মরণসভা অনুষ্ঠিত হয়। স্মরণসভায় প্রয়াত সীতারাম ইয়েচুরির রাজনৈতিক প্রজ্ঞা, সাংসদ হিসেবে তার বলিষ্ঠ ভূমিকার কথা তুলে ধরে স্মৃতিচারণ করেন সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন বিধায়ক সুধন দাস, বাসুদেব মজুমদার ও সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত প্রমুখ।

\*\*\*\*\*

#### **Workshop on AIDS :**

ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে গতকাল খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে এইডস বিষয়ক সচেতনতামূলক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন খোয়াই জিলা পরিষদের সহকারি সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস এবং জিলা পরিষদের সদস্যরা । কর্মশালায় সহকারি সভাধিপতি শ্রী দাস বলেন, রাজ্য সরকার মানুষের কল্যাণে স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে গুরুত্ব দিয়ে কাজ করছে। স্বাস্থ্য সম্পর্কে পরিবারের প্রতিটি সদস্যকে সচেতন করে তুলতে তিনি সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির ক্লিনিক্যাল সার্ভিস অফিসার অনিশ দাস ও ক্লাস্টার প্রোগ্রাম ম্যানেজার নন্দিতা ভট্টাচার্য এইডসের কারণ ও রোগ প্রতিরোধ নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

\*\*\*\*\*

#### **Sound-Meeting :**

সদরের এসডিপিও দেবপ্রসাদ রায় আসন্ন দুর্গাপূজায় সমস্ত রকম শব্দ বর্ধক যন্ত্রের ব্যবহার নিয়ে গতকাল ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করেন। উপস্থিত ছিলেন পূর্ব থানার ওসি রানা চ্যাটার্জি, পশ্চিম থানার ওসি পরিতোষ দাস সহ রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের আধিকারিকরা। এসডিপিও শ্রী রায় জানান, দুর্গাপূজায় ৬৫-৭০ ডেসিবেলের অধিক শব্দ হলে কড়া পদক্ষেপ নেওয়া হবে। তিনি আরও জানান, আলোচনায় সংশ্লিষ্ট সবার কাছে শব্দদূষণ নিয়ে হাইকোর্টের সব আইনী নিষেধাজ্ঞাগুলি তুলে ধরা হয়েছে। শব্দের মাত্রা নিয়ে আইনী বিধিনিষেধ লঙ্ঘন না করার জন্য তিনি সবার প্রতি আহ্বান জানান।

\*\*\*\*\*

#### **OPD :**

আসন্ন শারদোৎসব উপলক্ষে আগামী ১০ থেকে ১৬ই অক্টোবর পর্যন্ত সাতদিন সরকারি ছুটি পড়েছে। তবে পূজার ছুটিতে আগামী ১২ এবং ১৫ই অক্টোবর এই দুদিন স্বাস্থ্য দপ্তরের অধীনস্থ স্বাস্থ্য প্রতিষ্ঠানের ওপিডি বা বহির্বিভাগ খোলা থাকবে।

গতকাল স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডাঃ সঞ্জীব কুমার দেববর্মা এক বিজ্ঞপ্তিতে এখবর জানিয়েছেন।

\*\*\*\*\*

**Weather :**

আকাশ সাধারণত মেঘলা থাকবে। কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি অথবা বজ্র-বিদ্যুৎ সহ দু এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকবে। আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৮ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*